ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩১ বর্ষ ১৮তম সংখ্যা ওয়েব সাইট : http://www.du.ac.bd (DU Barta) ১৫ আশ্বিন ১৪২৪, ৩০ সেপ্টেম্বর ২০১৭

রাষ্ট্রপতির সাথে উপাচার্যের সাক্ষাৎ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২৮ সেপ্টেম্বর ২০১৭ বৃহস্পতিবার বিকেলে বঙ্গভবনে মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের মাননীয় চ্যান্সেলর মো: আবদুল হামিদের সাথে সাক্ষাৎ করেন।

এসময় উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান রাষ্ট্রপতিকে বিশ্ববিদ্যালয়ের সার্বিক কার্যক্রম সম্পর্কে অবহিত করেন এবং তার দায়িত্ব পালনে রাষ্ট্রপতির সদয় সহযোগিতা কামনা করেন। তিনি বিশ্ববিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে এখন সকল পর্যায়ে নিয়ম-কানুন মেনে চলা হচ্ছে বলে রাষ্ট্রপতিকে জানান। রাষ্ট্রপতি সন্তোষ প্রকাশ করেন এবং বলেন যে এটাই কাম্য।

ডাকসু নির্বাচন ও বিশ্ববিদ্যালয়ে সমাবর্তন বিষয়ে উপাচার্য মাননীয় চ্যান্সেলরের সদয় দৃষ্টি আকর্ষণ করেন। মাননীয় চ্যান্সেলর সবদিক বিবেচনায় নিয়ে এসব বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য উপাচার্যকে পরামর্শ প্রদান করেন।

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সার্বিক অনুকূল পরিবেশ নিশ্চিত করার পাশাপাশি এর ভাবমূর্তি ও মর্যাদা সমুন্নত রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে উপাচার্যের প্রতি আহ্বান জানিয়েছেন।

রাষ্ট্রপতি ঢাকা বিশ্ববিদ্যালয়কে চমৎকার ফলাফলসহ শিক্ষার ক্ষেত্রে দেশের সবচেয়ে ভাল অবস্থানে রয়েছে বলে উলেখ করেন। বিশ্ববিদ্যালয়ের পরিবেশের সৌন্দর্য বর্ধনের ওপর বিশেষ জোর দেওয়ার জন্য রাষ্ট্রপতি উপাচার্যকে নির্দেশনা প্রদান করেন। তিনি বিশ্ববিদ্যালয়ের রীতিনীতি ও মর্যাদা বজায় রাখতে সমন্বিত উদ্যোগ গ্রহণের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন। এসময় রাষ্ট্রপতির কার্যালয়ের সংশ্লিষ্ট সচিবগণ উপস্থিত ছিলেন।

মিয়ানমারে রোহিঙ্গা মুসলিমদের ওপর বর্বর নির্যাতনের প্রতিবাদ এবং অবিলম্বে নির্যাতন বন্ধের দাবীতে গত ২৬ সেপ্টেম্বর ২০১৭ 'স্মৃতি চিরন্তন' চত্বরে এক মানববন্ধন কর্মসূচী পালন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান কর্মসূচীতে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন।

রোহিঙ্গা মুসলিমদের ওপর নির্যাতনের প্রতিবাদে মানববন্ধন

মিয়ানমারে গণহত্যা ও নির্যাতনের ঘটনা তদন্তে আন্তর্জাতিক তদন্ত কমিটি গঠন করুন- উপাচার্য

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান জাতিসংঘের ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রদত্ত ৫দফার প্রতি সমর্থন জানিয়ে বলেছেন, রোহিঙ্গা মুসলিমদের ওপর পরিচালিত ভয়াবহ গণহত্যা ও নির্যাতনের ঘটনা তদন্তে অবিলম্বে আন্তর্জাতিক তদন্ত কমিটি গঠন করতে হবে এবং দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে। মিয়ানমারে রোহিঙ্গা মুসলিমদের ওপর বর্বর নির্যাতনের প্রতিবাদ এবং অবিলম্বে নির্যাতন বন্ধের দাবীতে গত ২৬ সেপ্টেম্বর ২০১৭ 'স্মৃতি চিরন্তন' চত্বরে আয়োজিত এক মানববন্ধন কর্মসূচীতে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত এই মানববন্ধন কর্মসূচী চলে। ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই কর্মসূচীর আয়োজন করে।

মানববন্ধন কর্মসূচীতে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. অহিদুজ্জামান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, সিন্ডিকেট সদস্য অধ্যাপক ড. খন্দকার বজলুল হক, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আব্দুল আজিজ, শামসুন নাহার হলের প্রভোস্ট অধ্যাপক ড. সুপ্রিয়া সাহা, মুক্তিযোদ্ধা প্রাতিষ্ঠানিক ইউনিট কমান্ডের সদস্য গোলাম রব্বানী, ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশনের সভাপতি সৈয়দ আলী আকবর, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি, সাধারণ সম্পাদকসহ তৃতীয় শ্রেণি কর্মচারী সমিতি, কারিগরি কর্মচারী সমিতি ও ৪র্থ শ্রেণি কর্মচারী ইউনিয়নের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান রোহিঙ্গা মুসলিমদের রক্ষায় নিরাপত্তা বলয় গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করে বলেন,

* ২য় পৃষ্ঠায় দেখুন

বঙ্গবন্ধুর ৪২তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে আয়োজিত শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

স্বাধীনতার মহান স্থপতি, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদ আয়োজিত শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত ১২ সেপ্টেম্বর ২০১৭ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিভিন্ন বিভাগের শিক্ষক,

পুরস্কার বিতরণ অনুষ্ঠান

প্রতিযোগী এবং অভিভাবকগণ উপস্থিত ছিলেন। মৃৎশিল্প বিভাগের সহযোগী অধ্যাপক মো: রবিউল ইসলাম অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের গুণে গুণান্বিত হওয়ার জন্য শিশুদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, বঙ্গবন্ধুর আদর্শ ধারণ করে নতুন প্রজন্মকে দেশের কল্যাণে কাজ করতে হবে। তিনি বলেন, শিশুকালেই বঙ্গবন্ধুর মধ্যে অসাম্প্রদায়িকতা, উদারতা ও দুর্লভ মানবিক গুণাবলীর বহি:প্রকাশ ঘটেছিল। সকল ধর্মের শিশুর সঙ্গে তিনি সমানভাবে মিশতেন এবং টিফিনের খাবার ভাগাভাগি করে খেতেন। বঙ্গবন্ধুর জীবনাদর্শ থেকে শিক্ষা নিয়ে যোগ্য নাগরিক হিসেবে গড়ে ওঠার জন্য তিনি শিশুদের প্রতি আহ্বান জানান।

উল্লেখ্য, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে গত ১৫ আগস্ট ২০১৭ ছাত্র-শিক্ষক কেন্দ্রের ক্যাফেটেরিয়ায় এই শিশু চিত্রাঙ্কণ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় মোট ৩টি গ্রুপে শতাধিক প্রতিযোগী অংশগ্রহণ করে। অনুষ্ঠানে প্রত্যেক গ্রুপের সেরা ১০জন করে মোট ৩০জন প্রতিযোগীকে পুরস্কার প্রদান করা হয়।

বিশ্ব পর্যটন দিবস পালিত

শৃঙ্খলাবোধ, অসাম্প্রদায়িকতা, অন্যের প্রতি যত্নশীল হওয়া ও উদারতা প্রদর্শন টেকসই পর্যটনের পূর্ব শর্ত - উপাচার্য

27th September, 2017
Discussion Session Jointly Organized By
Department of Tourism & Hospitality Management, University of Dhaka & Bangladesh Tourism Board

ঢাকা বিশ্ববিদ্যালয় ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ এবং বাংলাদেশ পর্যটন বোর্ডের যৌথ উদ্যোগে গত ২৭ সেপ্টেম্বর ২০১৭ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে 'বিশ্ব পর্যটন দিবস' পালিত হয়েছে। এবছর দিবসটির প্রতিপাদ্য হচ্ছে "Sustainable Tourism - a tool for development." এ উপলক্ষে দিনব্যাপী কর্মসূচী গ্রহণ করা হয়। কর্মসূচীর মধ্যে ছিল র‌্যালি, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের নেতৃত্বে বিজনেস স্টাডিজ অনুষদ চত্বর থেকে এক বর্ণাঢ্য র‌্যালি বের করা হয়। র‌্যালিটি কলাভবন হয়ে টিএসসি গিয়ে শেষ হয়। পরে টিএসসি মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. শাকের আহমেদের সভাপতিত্বে আলোচনা সভায় বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রী রাশেদ খান মেনন এমপি প্রধান অতিথি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। স্বাগত বক্তব্য দেন ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের ইএমবিএ প্রোগ্রামের পরিচালক অধ্যাপক ড. মো. আফজাল হোসেন।

বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রী রাশেদ খান মেনন এমপি পর্যটনকে টেকসই উন্নয়নের হাতিয়ার হিসাবে বর্ণনা করে বলেন, বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্যকে ব্যবহার করে পর্যটন শিল্পের বিকাশ ঘটাতে হবে। এই শিল্পের বিকাশে প্রশিক্ষিত জনবল দরকার। এক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয় ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ অগ্রণী ভূমিকা পালন করতে পারে। মন্ত্রী বলেন, পর্যটন শিল্পের বিকাশে 'জঙ্গিবাদ' প্রধান অন্তরায়। তাই জঙ্গিবাদ নির্মূলে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, শৃঙ্খলাবোধ, অসাম্প্রদায়িকতা, অন্যের প্রতি যত্নশীল হওয়া ও উদারতা প্রদর্শন টেকসই পর্যটনের পূর্ব শর্ত। তাই পর্যটন শিল্পের কর্মী তথা তরুণ প্রজন্মকে সহনশীল ও মানবিক গুণে গুণান্বিত হতে হবে।

উল্লেখ্য, প্রতি বছর ২৭ সেপ্টেম্বর বিশ্ব পর্যটন দিবস পালন করা হয়। ১৯৮০ সাল থেকে এই দিবসটি পালিত হয়ে আসছে।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানকে সংবর্ধনা জ্ঞাপন

ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের কৃতী শিক্ষক ইতিহাসবিদ অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিয়োগ লাভ করায় গত ২৩ সেপ্টেম্বর ২০১৭ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের প্রাক্তন ছাত্র সমিতি এক সংবর্ধনা প্রদান করে। অনুষ্ঠানের প্রধান অতিথি জাতীয় অধ্যাপক ড. সুফিয়া আহমেদ শারীরিক অসুস্থতার কারণে উপস্থিত হতে না পারায় ভিডিও বার্তায় তাঁর ছাত্র নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানকে অভিনন্দন জানান।

বিশ্ববিদ্যালয় নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে এই সংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমিতির সভাপতি অধ্যাপক ড. নাজমা খান মজলিশ। স্বাগত বক্তব্য দেন সমিতির সাধারণ সম্পাদক শবনম শেহনাজ চৌধুরী দীপা। বিভাগের সহকারী অধ্যাপক মাহমুদুর রহমানের সঞ্চালনায় উপাচার্যের উদ্দেশ্যে লেখা অভিনন্দনপত্র পাঠ করেন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান, তাঁর বর্ণাঢ্য জীবন তুলে ধরেন এ কে এম খাদেমুল হক এবং মো. আবদুর রহিম। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২৮তম উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানকে শুভেচ্ছা জানান অধ্যাপক ড. মোহাম্মদ ইব্রাহিম, অধ্যাপক ড. মো. মোশাররফ হোসেন ভূঁইয়া, সমিতির উপদেষ্টা মণ্ডলীর জ্যেষ্ঠ সদস্য আনোয়ারুল হক খান মজলিশ প্রমুখ। এসময় উপাচার্যের পরিবারের সদস্যবৃন্দ, কলা অনুষদের ডিন, বিভাগের শিক্ষকবৃন্দসহ আলামনাই এসোসিয়েশনের নেতৃবৃন্দ এবং বিপুল সংখ্যক প্রাক্তন শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বক্তব্যের শুরুতেই তাঁর শিক্ষকদের কথা স্মরণ করে বলেন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ পরিবারের একজন সদস্য হিসেবে আমি গর্বিত। নিজ পরিবারের সংবর্ধনার অনুভূতি একটু অন্যরকম এবং সেজন্য আয়োজকদের জানাই আন্তরিক ধন্যবাদ।

ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের প্রাক্তন ছাত্র সমিতির সম্মানিত সদস্য বিশিষ্ট ইতিহাসবিদ
সংবর্ধনা

অধ্যাপক দ্বিজেন শর্মার মৃত্যুতে উপাচার্যের শোক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র এবং প্রকৃতি ও পরিবেশ বিশেষজ্ঞ দ্বিজেন শর্মা-এর এর মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন।

এক শোকবাণীতে উপাচার্য অধ্যাপক ড. ড. মো. আখতারুজ্জামান বলেন, বাংলাদেশে বিজ্ঞান, প্রকৃতি ও নিসর্গবিষয়ক লেখালেখিরও পথিকৃৎ দ্বিজেন শর্মা। গাছের পরিচর্যা, সংরক্ষণ এবং প্রকৃতিবান্ধব শহর গড়ার জন্য নিরন্তর কাজ করেছেন তিনি। প্রকৃতিবান্ধব হতে উদ্বুদ্ধ করেছেন শিশু-কিশোর ও তরুণদের। তাঁর অসামান্য অবদান দেশবাসীর কাছে স্মরণীয় হয়ে থাকবে।

উপাচার্য দ্বিজেন শর্মার আত্মার শান্তি কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

দ্বিজেন শর্মার পোশাকি নাম দ্বিজেন্দ্র শর্মা। তিনি তৎকালীন সিলেটের বড়লেখা উপজেলার শিমুলিয়া গ্রামে ১৯২৯ সালের ২৯ মে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৪৭ সালে মাধ্যমিক ও ১৯৪৯ সালে আগরতলার মহারাজা বীরবিক্রম কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পাস করে কলকাতার সিটি কলেজ থেকে জীববিজ্ঞান বিষয়ে স্নাতক করেন। পরে ১৯৫৮ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের থেকে উদ্ভিদ বিজ্ঞান বিভাগে স্নাতকোত্তর সম্পন্ন করেন। স্নাতকোত্তর পাশ করে ঢাকা বিশ্ববিদ্যালয় উদ্ভিদ বিজ্ঞান বিভাগে ডেমোনেস্ট্রেটর হিসেবে তাঁর কর্মজীবন শুরু হয়। পরবর্তীতে বরিশালের ব্রজমোহন কলেজে দ্বিজেন শর্মা শিক্ষকতা জীবনের শুরু করেন। এরপর তিনি নটর ডেম কলেজ, কায়েদে আজম কলেজ, সেন্ট্রাল উইমেন্স কলেজ ও সরকারি বাংলা কলেজে শিক্ষকতা করেন। তিনি ১৯৭৪ সাল থেকে ১৯৯২ সাল পর্যন্ত রাশিয়ার মস্কোর প্রগতি প্রকাশনে অনুবাদক হিসেবে কর্মরত ছিলেন। এর পর তিনি এশিয়াটিক সোসাইটিতে যোগ দেন। কর্মময় জীবনের স্বীকৃতি হিসেবে তিনি ২০১৫ সালে একুশে পদক, ১৯৮৭ সালে বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার, শিশু একাডেমি সাহিত্য পুরস্কার, নুরুল কাদের শিশুসাহিত্য পুরস্কার, রবীন্দ্র পদক, প্রকৃতি ও জীবন ফাউন্ডেশন পরিবেশ পুরস্কারসহ নানা সম্মাননায় ভূষিত হয়েছেন।

উল্লেখ্য, দ্বিজেন শর্মা গত ১৫ সেপ্টেম্বর ২০১৭ রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। তাঁর বয়স হয়েছিল ৮৮ বছর। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক ছেলে, এক মেয়েসহ অসংখ্য আত্মীয়স্বজন ও গুণগ্রাহী রেখে গেছেন।

অধ্যাপক ড. সাদেকা হালিম

ঢাবি সামাজিক বিজ্ঞান অনুষদের নতুন ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম

ঢাকা বিশ্ববিদ্যালয় সামাজিক বিজ্ঞান অনুষদের নতুন ভারপ্রাপ্ত ডিন হিসেবে বিশ্ববিদ্যালয় সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. সাদেকা হালিম নিয়োগ পেয়েছেন।

গত ২৭ সেপ্টেম্বর ২০১৭ বুধবার উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেট সভার সিদ্ধান্ত অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩ এর আর্টিক্যাল ২৪(এল) মোতাবেক এই নিয়োগ প্রদান করা হয়েছে। বিধি অনুযায়ী ৩০ সেপ্টেম্বর ২০১৭ তারিখ হতে অনধিক ৯০ দিন অথবা পরবর্তী নির্বাচিত ডিন কাজে যোগদান না করা পর্যন্ত অধ্যাপক ড. সাদেকা হালিম ভারপ্রাপ্ত ডিন হিসেবে দায়িত্ব পালন করবেন।

মিয়ানমারে গণহত্যা ও নির্যাতনের ঘটনা তদন্তে আন্তর্জাতিক তদন্ত কমিটি গঠন করুন- উপাচার্য

১ম পৃষ্ঠার পর

অবিলম্বে মিয়ানমারে জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনী মোতায়েন করতে হবে। আন্তর্জাতিক সংস্থার তত্ত্বাবধানে রোহিঙ্গা শরণার্থীদের মিয়ানমারে প্রত্যাবর্তন ও পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। রোহিঙ্গা সংকটের স্থায়ী ও শান্তিপূর্ণ সমাধান নিশ্চিত করার দাবী জানিয়ে তিনি বলেন, ১ হাজার বছর ধরে রোহিঙ্গা মুসলিমরা মিয়ানমারে বসবাস করে আসছে। অথচ নিজ দেশে বারবার তাদের বর্বর নির্যাতন ও নিপীড়নের শিকার হতে হচ্ছে। মিয়ানমার শাসক গোষ্ঠীর এই মানবতা বিরোধী কর্মকাণ্ডের বিরুদ্ধে অবস্থান গ্রহণের জন্য তিনি বিশ্ব সম্প্রদায়ের প্রতি আহ্বান জানান।

উল্লেখ্য, মানববন্ধনে অংশগ্রহণের সুবিধার্থে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কাস ও অফিস সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত ছুটি ছিল।

ঢাবি এম.ফিল. প্রোগ্রামে ভর্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে এম.ফিল. প্রোগ্রামে ভর্তির জন্য আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা হয়েছে। রেজিস্ট্রারের অফিসের এম.ফিল ও পিএইচ.ডি. শাখার ৩২৩ নং ও ৩২৫ নং কক্ষ থেকে আবেদনপত্র সংগ্রহ করা যাবে। এস.এস.সি থেকে স্নাতকোত্তর পরীক্ষা পাশের মূল নম্বরপত্র এবং টাকা জমার ব্যাংক রশীদ দেখিয়ে প্রার্থীকে নির্ধারিত আবেদন পত্র সংগ্রহ করতে হবে। আগামী ৩ অক্টোবর ২০১৭ তারিখ থেকে ২ নভেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ করা যাবে। আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যান/ ইনস্টিটিউটের পরিচালকদের অফিসে আগামী ৫ নভেম্বর ২০১৭ তারিখের মধ্যে জমা দিতে হবে। আবেদনপত্রের সঙ্গে সকল পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি, ৫শ' টাকা জমার ব্যাংক রশিদের ফটোকপি ও সম্প্রতি তোলা ১ (এক) কপি ছবি সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক/ বিভাগের চেয়ারম্যান/ ইনস্টিটিউটের পরিচালক কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে। পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য প্রদান না করলে ভর্তি বাতিল বলে গণ্য হবে।

এম.ফিল প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীদের চার বছর মেয়াদী স্নাতক সম্মান ডিগ্রিসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা তিন বছর মেয়াদী স্নাতক সম্মান ও এক বছর মেয়াদী মাস্টার্স ডিগ্রি অথবা দুই বছর মেয়াদী স্নাতক ও দুই বছর মেয়াদী স্নাতকোত্তর ডিগ্রিসহ স্নাতক পর্যায়ে ১ বছরের শিক্ষকতা বা গবেষণা প্রতিষ্ঠানে ১ বছরের চাকুরি অথবা স্বীকৃত মানের জার্নালে ১টি গবেষণা প্রবন্ধ থাকতে হবে। প্রার্থীদের সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণীসহ ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে। মাধ্যমিক/ সমমান থেকে স্নাতক/স্নাতকোত্তর পর্যন্ত সকল পরীক্ষায় C.G.P.A. ৫ এর মধ্যে ৩.৫ অথবা C.G.P.A. ৪ এর মধ্যে ৩ থাকতে হবে।

রোহিঙ্গা নিপীড়নের শিকড় অনুসন্ধান এবং এর সম্ভাব্য স্থায়ী সমাধান শীর্ষক সেমিনার

ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার ফর ইন্টাররিলিজিয়াস এন্ড ইন্টারকালচারাল ডায়লগ এবং বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগের যৌথ উদ্যোগে গত ২৫ সেপ্টেম্বর ২০১৭ বিশ্ববিদ্যালয়ের রমেশ চন্দ্র মজুমদার আর্টস মিলনায়তনে "রোহিঙ্গা নিপীড়নের শিকড় অনুসন্ধান এবং এর সম্ভাব্য স্থায়ী সমাধান" শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো: দেলোয়ার হোসেন।

এতে মূল আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ-এর অধ্যাপক ড. সলিমুল্লাহ খান। আলোচক হিসেবে অংশগ্রহণ করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ তানজীমউদ্দিন খান। স্বাগত বক্তব্য প্রদান করেন বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগের চেয়ারম্যান ড. ফাদার তপন ডি' রোজারিও এবং সভাপতিত্ব করেন কেন্দ্রের পরিচালক ড. ফাজরীন হুদা।

প্রথমবারের মত ঢাবি শিক্ষার্থীদের স্মার্ট আইডি কার্ড প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রথমবারের মত শিক্ষার্থীদের স্মার্ট আইডি কার্ড প্রদান শুরু করেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গত ২৮ আগস্ট ২০১৭ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে স্মার্ট আইডি কার্ড বিতরণ কার্যক্রম উদ্বোধন করেন। ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের স্মার্ট আইডি কার্ড বিতরণের মাধ্যমে এই কার্যক্রম শুরু হলো। অনুষ্ঠানে বর্তমান উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন, অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মো. হাসিবুর রশীদ সহ বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান ও বিভিন্ন হলের প্রভোস্ট উপস্থিত ছিলেন।

সাবেক উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক শিক্ষার্থীদের স্মার্ট আইডি কার্ড বিতরণ কার্যক্রম উদ্বোধন করে বলেন, এই উদ্যোগ ঢাকা বিশ্ববিদ্যালয়কে ডিজিটাল বিশ্ববিদ্যালয়ে পরিণত করার ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করবে। এই কার্যক্রম পরিচালনার জন্য তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় অনলাইন ভর্তি কমিটিকে ধন্যবাদ জানান। সাবেক উপাচার্য স্মার্ট আইডি কার্ড অন্যের কাছে হস্তান্তর না করার জন্য সংশ্লিষ্ট শিক্ষার্থীদের আহ্বান জানিয়ে বলেন, এই কার্ড হারিয়ে গেলে দ্রুত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে জানাতে হবে এবং থানায় জিডি করতে হবে।

প্রসঙ্গত: ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ২০১০-২০১১ সেশন থেকে ১ম বর্ষ সম্মান শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি ও রেজিস্ট্রেশন কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন করে আসছে। ফলে সব শিক্ষার্থীর ব্যক্তিগত তথ্য, বিভাগ ও হল সংক্রান্ত তথ্য সার্ভারে সংরক্ষিত রয়েছে। এসব তথ্য ব্যবহার করে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণির সকল শিক্ষার্থীকে স্মার্ট কার্ড প্রদান করা সম্ভব হয়েছে। এই পরিচয় পত্রে শিক্ষার্থীদের নাম, নিবন্ধন নম্বর, আইডি কোড, ছবি, বিভাগ ও হলের নাম সহ সকল ব্যক্তিগত তথ্য সংরক্ষিত আছে। মার্কশীট ও সার্টিফিকেট প্রণয়ন সহ বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগার, বিভাগ, ইনস্টিটিউট, পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস, হল অফিস এবং নিরাপত্তা বিষয়ক বিভিন্ন যাচাই ও নিরীক্ষণ কাজে এই স্মার্ট আইডি কার্ড ব্যবহার করা যাবে।

উল্লেখ্য, বিভিন্ন বিভাগের তালিকাভুক্ত কয়েকজন শিক্ষার্থীকে আনুষ্ঠানিকভাবে স্মার্ট কার্ড প্রদান করা হয়। ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের অবশিষ্ট শিক্ষার্থীরা পরবর্তীতে নিজ নিজ বিভাগ ও হল অফিস থেকে এই কার্ড সংগ্রহ করতে পারবেন।

ঢাবি-এ বিশ্ব ফার্মাসিস্ট দিবস পালিত

7th World Pharmacists Day-2017
September 25, 2017
From Research to Health Care:
Your Pharmacist is at Your Service
Organized by Faculty of Pharmacy, University of Dhaka

'৭ম বিশ্ব ফার্মাসিস্ট দিবস-২০১৭' উদ্‌যাপন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় ফার্মেসী অনুষদের উদ্যোগে গত ২৫ সেপ্টেম্বর ২০১৭ এক বর্ণাঢ্য র‌্যালির আয়োজন করা হয়।

র‌্যালিতে বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল ফার্মেসী ও ফার্মাকোলজি বিভাগের এমিরেটাস অধ্যাপক ড. এ কে আজাদ চৌধুরী, ফার্মেসী অনুষদের ডিন অধ্যাপক ড. এস এম আব্দুর রহমান, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের সহ-সভাপতি ও ইনসেপ্টা ইউনিহেলথ এর ব্যবস্থাপনা পরিচালক এম মোসাদ্দেক হোসেনসহ বিভাগের প্রাক্তন ও বর্তমান শিক্ষক, কর্মকর্তা, বিপুল সংখ্যক শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

র‌্যালিটি বিশ্ববিদ্যালয়ের মোকাররম হোসেন খন্দকার বিজ্ঞান ভবন থেকে শুরু হয়ে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের বর্তমান ও সাবেক শিক্ষার্থীদের পুনর্মিলনী উৎসব গত ১৫ সেপ্টেম্বর ২০১৭ ছাত্র-শিক্ষক কেন্দ্র প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়েছে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিকেলে অনুষ্ঠানের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। ছবিতে উপাচার্যকে বেলুন উড়িয়ে উৎসবের উদ্বোধন করতে দেখা যাচ্ছে।

উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

জার্মান বিশেষজ্ঞ

জার্মানীর নবায়নযোগ্য শক্তি বিষয়ক বিশেষজ্ঞ কার্স্টেন বেকটেল গত ১১ সেপ্টেম্বর ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় শক্তি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. সাইফুল হক এবং সহকারী অধ্যাপক ড. নাসিফ শামস উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা বাংলাদেশের নবায়নযোগ্য শক্তি খাতের উন্নয়নের ওপর গুরুত্বারোপ করেন। এসময় জার্মানীর আর্থিক ও কারিগরি সহায়তায় ঢাকা বিশ্ববিদ্যালয় শক্তি ইনস্টিটিউটে বায়ো-এনার্জি টেস্টিং ল্যাব স্থাপনের সম্ভাব্যতা নিয়ে তারা আলোচনা করেন।

ব্রিটিশ কাউন্সিলের পরিচালক

ঢাকাস্থ ব্রিটিশ কাউন্সিলের পরিচালক (শিক্ষা) ডেভিড ম্যানারড গত ১৭ সেপ্টেম্বর ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেছেন। এসময় ব্রিটিশ কাউন্সিলের ইন্টারন্যাশনাল হায়ার এডুকেশনের প্রধান মো: তৌহিদুর রহমান উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ব্রিটিশ কাউন্সিলের মধ্যে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও গতিশীল করার ওপর গুরুত্বারোপ করেন। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ব্রিটিশ কাউন্সিলের যৌথ উদ্যোগে ঢাকা শহরে নাটক, সংগীতসহ বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের ব্যাপারে তারা আলোচনা করেন।

চীনা প্রতিনিধিদল

চীনের ন্যাশনাল মেরিন এনভায়রনমেন্টাল ফোরকাস্টিং সেন্টারের সায়েন্স এন্ড টেকনোলজি বিভাগের বিভাগীয় উপ-প্রধান ড. ঝাং ঝিহুয়া-এর নেতৃত্বে ৪-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১৮ সেপ্টেম্বর ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধিদলের অন্য সদস্যরা হলেন- ড. তাও লি, ড. জিংজিং ঝেং এবং ড. ঝানচেং ওয়াং।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল এবং সমুদ্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. কাউসার আহাম্মদ উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা বাংলাদেশের সমুদ্র সম্পদ এবং সমুদ্র বিজ্ঞান বিষয়ক শিক্ষার ওপর গুরুত্বারোপ করেন। এসময় সামুদ্রিক দুর্যোগ এবং এর সম্ভাব্য পূর্বাভাসের ব্যবস্থাপনা সম্পর্কে আলোকপাত করেন।

উপাচার্য অধ্যাপক মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি আগ্রহ প্রকাশের জন্য অতিথিদের আন্তরিক ধন্যবাদ জানান।

উল্লেখ্য, গত ১৮ সেপ্টেম্বর ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয় সমুদ্রবিজ্ঞান বিভাগ, দুর্যোগ বিজ্ঞান এবং ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ সরকারের প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মেটোরোলজিক্যাল বিভাগ এবং চীনের ন্যাশনাল মেরিন এনভায়রনমেন্টাল ফোরকাস্টিং সেন্টারের যৌথ উদ্যোগে আয়োজিত "মেরিন ডিজাস্টার ফোরকাস্টিং" শীর্ষক দিনব্যাপী এক কর্মশালায় উক্ত প্রতিনিধি দলটি অংশগ্রহণ করে। কর্মশালাটি ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস-এ অনুষ্ঠিত হয়।

চীনা প্রতিনিধিদল

চীনের ইউন্যান ইউনিভার্সিটির আর্ট এন্ড ডিজাইন অনুষদের ডিন অধ্যাপক ওয়াং উইহং-এর নেতৃত্বে ৩-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১৯ সেপ্টেম্বর ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন- অধ্যাপক ড. উ ইয়ুন এবং ওয়াং ঝিগুঁ।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ইফফত আরা নাসরীন মজিদ এবং কনফুসিয়াস ইনস্টিটিউটের চীনা পরিচালক ড. ঝু মিংতং মিনদি উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'সিনো-বাংলাদেশ স্টাডি সেন্টার' প্রতিষ্ঠাসহ পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করেন। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চীনের ইউন্যান ইউনিভার্সিটির মধ্যে ভাষা, সঙ্গীত, নৃত্য ও চারুকলা বিষয়ে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরো গতিশীল করার ব্যাপারে আলোচনা করা হয়।

বৃটিশ এমপি

বৃটিশ কনজারভেটিভ পার্টির নেতা পল স্কালি এমপি গত ২১ সেপ্টেম্বর ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় রোবোটিক্স এন্ড মেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক লাফিফা জামাল, ভূগোল ও পরিবেশ বিভাগের অধ্যাপক নাজমুন নাহার, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ আসিফ হোসেন খান, ম্যানেজমেন্ট বিভাগের সহযোগী অধ্যাপক ড. মুহাম্মদ শরিয়ত উল্লাহ, অর্গানাইজেশন স্ট্র্যাটেজি এন্ড লিডারশিপ বিভাগের সহকারী অধ্যাপক মো: রাশেদুর রহমান, কনজারভেটিভ ফ্রেন্ডস অব বাংলাদেশের ডেপুটি চেয়ারম্যান আবদুস হামিদসহ সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা রোহিঙ্গা সংকটসহ বিভিন্ন ইস্যু নিয়ে আলোচনা করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান রোহিঙ্গা মুসলিম তথা বেসামরিক লোকদের রক্ষার জন্য অবিলম্বে মিয়ানমারে জাতিসংঘ শান্তিরক্ষা বাহিনীর সদস্য মোতায়েনের ওপর গুরুত্বারোপ করেন। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং যুক্তরাজ্যের বিভিন্ন উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে আইসিটি, সাইবার সিকিউরিটি, ইনোভেশন ও অন্তপ্রানারশিপ বিষয়ক যৌথ শিক্ষা ও গবেষণা প্রকল্প গ্রহণের সম্ভাব্যতা নিয়ে বৈঠকে আলোচনা করা হয়।

স্পেনের অধ্যাপক

স্পেনের অধ্যাপক আম্পারো পোর্তা রিভাস গত ২৫ সেপ্টেম্বর ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং স্পেনের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও গতিশীল করার বিষয়ে আলোচনা করেন। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউটে 'স্প্যানিশ ল্যাংগুয়েজ কোর্স'-এর সম্প্রসারণ ও আধুনিকীকরণের ব্যাপারে আলোচনা করা হয়।

ফিনল্যান্ডের অধ্যাপক

ফিনল্যান্ডের তুর্কু বিশ্ববিদ্যালয় তথ্য প্রযুক্তি বিভাগের অধ্যাপক ইরকি সুতিনেন গত ২৫ সেপ্টেম্বর ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। এসময় গণগ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক আশিস কুমার সরকার উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ফিনল্যান্ডের তুর্কু বিশ্ববিদ্যালয়ের মধ্যে কলা, তথ্য প্রযুক্তি ও কম্পিউটার সায়েন্স বিষয়ে যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ফিনল্যান্ডের তুর্কু বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে আন্তঃধর্মীয় সংলাপ অনুষ্ঠানের ব্যাপারে আলোচনা করা হয়। এ বিষয়ে

'সেন্টার ফর চাইনিজ এন্ড বাংলাদেশ স্টাডিজ' প্রতিষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'সেন্টার ফর চাইনিজ এন্ড বাংলাদেশ স্টাডিজ' নামে নতুন একটি সেন্টার প্রতিষ্ঠা করা হয়েছে। গত ২০ সেপ্টেম্বর ২০১৭ উপাচার্য লাউঞ্জে আয়োজিত এক অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এবং চীনের ইউন্যান ইউনিভার্সিটির প্রেসিডেন্ট লিন ওয়েনশান যৌথভাবে এই সেন্টারের ফলক উন্মোচন করেন।

এসময় অন্যদের মধ্যে প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন, চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন, আধুনিক ভাষা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ইফফত আরা নাসরীন মজিদ, চীনের ইউন্যান প্রভিনশল্ স্ট্যান্ডিং কমিটির সদস্য লি শিয়াওসান, বাংলাদেশে নিযুক্ত চীনা রাষ্ট্রদূত মা মিংকিয়াং, ইউন্যান প্রদেশের ফরেন অ্যাফেয়ার্স অফিসের মহাপরিচালক লি জিমিং এবং কনফুসিয়াস ইনস্টিটিউটের চীনা পরিচালক ড. ঝু মিংতং মিনদি উপস্থিত ছিলেন।

বৈঠককালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং ইউন্যান ইউনিভার্সিটি কর্তৃপক্ষ নব-প্রতিষ্ঠিত 'সেন্টার ফর চাইনিজ এন্ড বাংলাদেশ স্টাডিজ'-এর কার্যক্রম নিয়ে আলোচনা করেন। এছাড়া, শিক্ষা ও গবেষণা উন্নয়নের লক্ষ্যে 'সাউথ এশিয়া এন্ড সাউথ ইস্ট এশিয়া ইউনিভার্সিটি এ্যালায়েন্স' গঠনের সম্ভাব্যতা নিয়ে তারা মত বিনিময় করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'চীন-বাংলাদেশ শিল্প ও সংস্কৃতি বিনিময় সেন্টার' প্রতিষ্ঠার সম্ভাব্যতা নিয়েও বৈঠকে আলোচনা করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, বাংলাদেশ এবং চীনের মধ্যে দীর্ঘদিন যাবৎ বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বিরাজ করছে। এই সম্পর্ক ভবিষ্যতে আরও জোরদার হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

বৃটিশ কনজারভেটিভ পার্টির নেতা পল স্কালি এমপি গত ২১ সেপ্টেম্বর ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

জার্মানীর নবায়নযোগ্য শক্তি বিষয়ক বিশেষজ্ঞ কার্স্টেন বেকটেল গত ১১ সেপ্টেম্বর ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

ফিনল্যান্ডের তুর্কু বিশ্ববিদ্যালয়ের তথ্য প্রযুক্তি বিভাগের অধ্যাপক ইরকি সুতিনেন গত ২৫ সেপ্টেম্বর ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

ঢাকাস্থ ব্রিটিশ কাউন্সিলের পরিচালক (শিক্ষা) ডেভিড ম্যানারড গত ১৭ সেপ্টেম্বর ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন।

চীনের ন্যাশনাল মেরিন এনভায়রনমেন্টাল ফোরকাস্টিং সেন্টারের সায়েন্স এন্ড টেকনোলজি বিভাগের বিভাগীয় উপ-প্রধান ড. ঝাং ঝিহুয়া-এর নেতৃত্বে ৪-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১৮ সেপ্টেম্বর ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

স্পেনের অধ্যাপক আম্পারো পোর্তা রিভাস গত ২৫ সেপ্টেম্বর ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

ঢাবি-এ দু'দিনের নাট্যোৎসব

ঢাকা বিশ্ববিদ্যালয় নাট্য সংসদ নাট্যোৎসব ২০১৭
উদ্বোধনী সন্ধ্যা

ঢাকা বিশ্ববিদ্যালয় নাট্য সংসদের উদ্যোগে গত ১৭ সেপ্টেম্বর ২০১৭ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে 'ঢাকা বিশ্ববিদ্যালয় নাট্যসংসদ নাট্যোৎসব ২০১৭' অনুষ্ঠিত হয়। দু'দিনব্যাপী উৎসব উদ্বোধন করেন ঢাবি নাট্য সংসদের প্রধান উপদেষ্টা ও বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি মন্ত্রী আসাদুজ্জামান নূর এমপি। বিশেষ অতিথি ছিলেন থিয়েটার ও পারফরমেন্স স্টাডিজ বিভাগের চেয়ারম্যান আহমেদুল কবির।

প্রধান অতিথির বক্তৃতায় সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর এমপি বলেন, বিশ্ববিদ্যালয়গুলোতে যেভাবে সংস্কৃতি চর্চা হওয়া দরকার ছিল সেভাবে হচ্ছে না। একে উৎসাহিত করার জন্য বিশ্ববিদ্যালয়কেন্দ্রিক কিছু উদ্যোগ নিয়েছে সংস্কৃতি মন্ত্রণালয়। বিশেষ করে আবাসিক হলভিত্তিক প্রতিভা অন্বেষণের যে প্রচেষ্টা গত বছর নেওয়া হয়েছিল তা শিক্ষার্থীদের মধ্যে ব্যাপক উদ্দীপনা তৈরি করেছে। ভবিষ্যতেও সংস্কৃতি মন্ত্রণালয় এ ব্যাপারে কাজ করার চেষ্টা অব্যাহত রাখবে। তিনি আরও বলেন, বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়তে হলে অর্থনৈতিক উন্নয়নের পাশাপাশি মানবিক মূল্যবোধ সম্পন্ন বাংলাদেশ, অসাম্প্রদায়িক চেতনা এবং মুক্ত চিন্তার বাংলাদেশ গড়তে হবে। জাতির পিতার এই স্বপ্ন পূরণ করতে হলে সমাজে সংস্কৃতিমনস্ক মানুষের সংখ্যা বৃদ্ধি করতে হবে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, নাট্য সংসদের মাত্র ১০মাস বয়সে দু'দিনব্যাপী নাট্যোৎসবের আয়োজন করেছে সেজন্য তারা ধন্যবাদ পাওয়ার যোগ্য। তাছাড়াও শুধু বিশ্ববিদ্যালয়ের থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের শিক্ষার্থীরা নয় বিশ্ববিদ্যালয়ের সব বিভাগের শিক্ষার্থীরা এখানে অংশগ্রহণ করতে পারবে এটিও একটি ইতিবাচক দিক। শিক্ষার্থীদের বিভিন্ন শিক্ষা বহির্ভূত সাংস্কৃতিক কার্যক্রমের সাথে যুক্ত হওয়া তথা এক্সট্রা কারিকুলাম সমাজ বিনির্মাণে অত্যন্ত কার্যকরী। শিক্ষার্থীদের সেসব কার্যক্রমের সাথে যুক্ত করার আহ্বান জানিয়ে উপাচার্য বলেন, অসাম্প্রদায়িক চেতনা সমাজ গঠনে সংস্কৃতি চর্চার কোন বিকল্প নেই।

ঢাবি নাট্যসংসদের সভাপতি মো. সানোয়ারুল হক ও সাধারন সম্পাদক রফিকুল ইসলাম সবুজসহ সংগঠনের সদস্যবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। আলোচনা অনুষ্ঠানের পর শুরু হয় নাটক। আয়োজক সংগঠন ছাড়াও উৎসবে অংশ নিয়েছে ঢাকা থিয়েটার ও ওপেন স্পেস থিয়েটার। উদ্বোধনী প্রদর্শনীতে ঢাবি নাট্য সংসদের প্রযোজনা ছিল 'রুটস অ্যান্ড উইংস'।

উৎসবের দ্বিতীয় দিন গত ১৮ সেপ্টেম্বর ২০১৭ মঞ্চস্থ হয় ওপেন স্পেস থিয়েটারের 'টুয়েলভ অ্যাংরি ম্যান'। উৎসবে আরও ছিল সেমিনার, কর্মশালা এবং একটি সংগঠন ও একজন নাট্য ব্যক্তিত্বকে সম্মাননা প্রদান।

হামিম খান স্মৃতি পুরস্কার প্রবর্তন

ঢাকা বিশ্ববিদ্যালয় পদার্থবিজ্ঞান বিভাগে "হামিম খান স্মৃতি পুরস্কার" প্রবর্তন করা হয়েছে। এই পুরস্কার প্রবর্তনের লক্ষ্যে প্রয়াত হামিম খানের স্বামী এবং সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ড. আকবর আলি খান ২০ লাখ টাকার একটি চেক গত ৩০ আগস্ট ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের কাছে হস্তান্তর করেন।

উপাচার্য দফতরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে সাবেক উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এবং পদার্থবিজ্ঞান বিভাগের প্রাক্তন অধ্যাপক ড. মেসবাহ উদ্দিন আহমেদ উপস্থিত ছিলেন।

এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয় পদার্থবিজ্ঞান বিভাগের বিএস ফাইনাল পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ-প্রাপ্ত একজন মেধাবী ছাত্রীকে "হামিম খান স্মৃতি পুরস্কার" প্রদান করা হবে।

উল্লেখ্য, প্রয়াত হামিম খান ঢাকা বিশ্ববিদ্যালয় পদার্থবিজ্ঞান বিভাগের কৃতী ছাত্রী ছিলেন। ১৯৪৯ সালে তিনি জন্মগ্রহণ করেন এবং চলতি বছর মে মাসে ইন্তেকাল করেন।

মালেকা আনোয়ার বৃত্তি পেলেন ২ শিক্ষার্থী



পড়ালেখায় অসাধারণ কৃতিত্বের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় মার্কেটিং বিভাগের ২জন মেধাবী শিক্ষার্থী 'মালেকা আনোয়ার বৃত্তি' লাভ করেছেন। বৃত্তিপ্রাপ্তরা হলেন- ফতেমা খাতুন ও মোছা: ইতি খাতুন। গত ২৮ আগস্ট ২০১৭ উপাচার্য লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন এবং ট্রাস্ট ফান্ডের দাতা অধ্যাপক রাশিদা বেগম সহ দাতা পরিবারের সদস্যগণ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বৃত্তিপ্রাপ্তদের অভিনন্দন জানিয়ে বলেন, সমৃদ্ধ বাংলাদেশ গড়তে শিক্ষার্থীদের কার্যকর ভূমিকা পালন করতে হবে।

সামাজিক বিজ্ঞান অনুষদের ডিনস্ এ্যাওয়ার্ড পেলেন ২৮জন মেধাবী শিক্ষার্থী

বিএসএস সম্মান পরীক্ষায় অসাধারণ ফলাফল অর্জন করায় ঢাকা বিশ্ববিদ্যালয় সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত ১০টি বিভাগের ২৮জন মেধাবী শিক্ষার্থীকে "ডিনস্ এ্যাওয়ার্ড" প্রদান করা হয়েছে। গত ২২ আগস্ট ২০১৭ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত এক বর্ণাঢ্য অনুষ্ঠানে সাবেক উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে কৃতী শিক্ষার্থীদের হাতে এ্যাওয়ার্ড তুলে দেন।

সামাজিক বিজ্ঞান অনুষদের প্রাক্তন ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে বর্তমান উপাচার্য অধ্যাপক ড.



মো: কামাল উদ্দীন বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন। বিভাগীয় চেয়ারম্যানগণ এ্যাওয়ার্ডপ্রাপ্ত শিক্ষার্থীদের নাম ঘোষণা করেন। কমিউনিকেশন ডিজঅর্ডারস বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. হাকিম আরিফ স্বাগত বক্তব্য দেন।

প্রাক্তন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, তরুণ প্রজন্মের মেধাই হচ্ছে দেশের সবচেয়ে বড় সম্পদ। তিনি এই মেধাসম্পদের যথাযথ সদ্ব্যবহারের মাধ্যমে মানবসভ্যতার উৎকর্ষ সাধনের জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, বঙ্গবন্ধুর আদর্শ অনুসরণ করে নতুন প্রজন্মকে পূর্ণাঙ্গ মানুষ হতে হবে। দেশের ইতিহাস ও ঐতিহ্য সম্পর্কে জানতে হবে। ভাল একাডেমিক ফলাফল অর্জনের পাশাপাশি শিক্ষার্থীদের সৎ, দেশপ্রেমিক ও সত্যনিষ্ঠ হতে হবে। মানবিক মূল্যবোধের অভাবেই সমাজ তথা বিশ্বে জঙ্গিবাদের বিস্তৃতি ঘটেছে উল্লেখ করে তিনি বলেন, একারণে অবশ্যই নতুন প্রজন্মকে মানবিক মূল্যবোধে দীক্ষিত হতে হবে।

এ্যাওয়ার্ডপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন - অর্থনীতি বিভাগের মো: নাহিদ ফেরদৌস পবন, মো: ইসলামুল হক, মাহির এ. রহমান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের আবু সুফিয়ান, রুবেল মোল্লা, সানিয়া আকতার, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের ফারহানা রাজ্জাক, মো: আবদুল হান্নান, ফাতিমা-তুজ-জোহরা, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের জেনিনা ইসলাম আবির, মনিরা বেগম, নওশিন জাহান ইতি, লোক প্রশাসন বিভাগের ম্যাগডানিলা ডি সিলভা, মো: আমজাদ হোসেন, শাহ মো: আজিমুল এহসান, শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের মোসা. কামরুন নাহার, আদিবা সুলতানা মিম, উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগের রওশন ই ফাতিমা, মাহিরাতুল জান্নাত, হালিমা-তুস-সাদিয়া, ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের মোহাম্মদ সাঈদ ইসলাম, তানজিলা আফরিন, আলভী আল সৃজন, মায়শা সামিহা, নৃ-বিজ্ঞান বিভাগের আনিকা ইন্তেসার, সায়েন্সেস বিভাগের মো: জাকিউল আলম।

৫ শিক্ষার্থী পেলেন Halliday Quinn Scholarship

ঢাকা বিশ্ববিদ্যালয় কিনিক্যাল সাইকোলজি বিভাগের ৪জন এম.এস ও ১জন এম.ফিল শিক্ষার্থীকে গবেষণার মানোন্নয়নের লক্ষ্যে প্রদান করা হল Halliday Quinn Scholarship। গত ১৮ সেপ্টেম্বর ২০১৭ উপাচার্য কার্যালয় সংলগ্ন লাউঞ্জে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বৃত্তিপ্রাপ্তদের হাতে বৃত্তির চেক তুলে দেন। বৃত্তিপ্রাপ্তরা হলেন- এম.এস ২০১৬-১৭ শিক্ষাবর্ষের মোছা. মোসলেমা আফরুজ্জাহান, তানজিনা সিদ্দীকা, মো. ওমর ফারুক, মো. হাফিজুর রহমান এবং ২০১৬-১৭ শিক্ষাবর্ষের এম ফিল শিক্ষার্থী মধুরিমা সাহা হিয়া। Halliday Quinn Scholarship এর অংশ হিসেবে ৫জন শিক্ষার্থীকে ১ম কিস্তিতে ২৫০০০/- টাকার চেক প্রদান করা হয়। উল্লেখ্য, ২০১৬ সালে বিভাগে নিয়োজিত ভিজিটিং প্রফেসর ড. ডেভিড কুইন এই স্কলারশিপ প্রবর্তন করেন।

অধ্যাপক সিতারা পারভীন পুরস্কার পেলেন ১০ শিক্ষার্থী

ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ২০১৭ সালের বিএসএস (সম্মান) পরীক্ষায় অসাধারণ ফলাফল অর্জন করায় ১০জন মেধাবী শিক্ষার্থীকে 'অধ্যাপক সিতারা পারভীন পুরস্কার' প্রদান করা হয়েছে। গত ২৮ আগস্ট ২০১৭ রমেশ চন্দ্র মজুমদার আর্টস অডিটোরিয়ামে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক কৃতী ছাত্র-ছাত্রীদের হাতে পুরস্কারের চেক তুলে দেন। পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন- নওশীন জাহান ইতি, প্রিয়ংকা কুন্ডু, মো. মাসুদ আল মাহদী, ফহিম বিনতে সিদ্দিক, ফরহাদ উদ্দিন, অর্ণব বিশ্বাস, নাদিয়া নাহরীন, জোহরা, মো. বনি মমিন ইসলাম ও শফিকুল আলম।

গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে 'আমি ও আমার চলচ্চিত্র' শীর্ষক 'অধ্যাপক সিতারা পারভীন স্মারক বক্তৃতা' প্রদান করেন বিশিষ্ট চলচ্চিত্রকার মসিউদ্দিন শাকের। ধন্যবাদ জ্ঞাপন করেন অধ্যাপক ড. আহাদুজ্জামান মোহাম্মদ আলী।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রয়াত অধ্যাপক সিতারা পারভীনের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করে বলেন, মানুষের মৃত্যু চরম সত্য, মানুষ চলে যায় কিন্তু তার যে স্মৃতি রেখে যায় তা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেই স্মৃতি থেকে শিক্ষা নেওয়া যায়, অনুপ্রেরণা নেওয়া যায়। উপাচার্য অধ্যাপক সিতারা পারভীনের স্মৃতিকে ধরে রাখার জন্য এবং প্রতিবছর বৃত্তি প্রদানের মাধ্যমে তাকে স্মরণ করার জন্য ড. আহাদুজ্জামান মোহাম্মদ আলীকে ধন্যবাদ জানান।



শিক্ষার্থীদের উদ্দেশ্যে উপাচার্য বলেন, সর্বোচ্চ নম্বর পাওয়া মানেই সফল হওয়া নয়। মূল্যবোধ সম্পন্ন মানুষ মানেই সফল মানুষ, মূল্যবোধ ধারণ করে প্রকৃত আদর্শ মানুষ হিসেবে সমাজে অবদান রাখার জন্য বৃত্তিপ্রাপ্তদের প্রতি তিনি আহ্বান জানান। পরিশেষে উপাচার্য জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শ অনুসরণ করে নতুন প্রজন্মের শিক্ষার্থীদের মানুষকে ভালবাসার জন্য পরামর্শ প্রদান করেন।

উল্লেখ্য, প্রাক্তন রাষ্ট্রপতি বিচারপতি শাহাবুদ্দীন আহমদের কন্যা এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. আহাদুজ্জামান মোহাম্মদ আলীর স্ত্রী অধ্যাপক সিতারা পারভীন ২০০৫ সালের ২৩ জুন যুক্তরাষ্ট্রে এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় নিহত হন।

সম্পাদক: মাহমুদ আলম, উপ-পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম এবং মোঃ নজরুল ইসলাম
ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬১১৯০০-৫৯/৪১০২, ০১৭৫৮৪৯২৪১৫